০৫। নিয়োগ পরীক্ষা লিখিত, ব্যবহারিক (কম্পিউটার) এবং মৌখিক যা, অনলাইনে অনুষ্ঠিত হবে। প্রার্থীকে নির্বাচনী (লিখিত, ব্যবহারিক (কম্পিউটার) এবং মৌখিক) পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৬। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহনকালে নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার পারদর্শীতার সনদ সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূল কপি অবশ্যই প্রদর্শন করতে হবে।

০৭। ইতোমধ্যে বিদ্যমান দক্ষ, সৎ, যোগ্য এবং উদ্যোক্তা হিসেবে সাফল্যের গল্প আছে এমন উদ্যোক্তাগণকে অগ্রাধিকার দেয়া হবে।

০৮। উদ্যোক্তা হিসেবে নিযুক্ত/নিয়োজনের বিষয়ে কোন প্রকার প্রত্যক্ষ বা পরোক্ষ তদবীর/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গন্য হবে।

৯। কোন কারন দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এবং কমিটি এ নিযুক্তি কার্যক্রম স্থগিত, শর্ত পরিবর্তন, সংযোজন এবং বাতিলের ক্ষমতা সংরক্ষন করেন। এছাড়াও আবেদন বাছাই ও নিয়োজনের ক্ষেত্রে নিয়োজনকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১০। স্মার্ট সার্ভিস পয়েন্ট অব পোস্ট অফিস এর উদ্যোক্তার পদটি সরকারি/আউট সোর্সিং/অন্য কোনো চাকুরির পদ না। এমনকি উদ্যোক্তার পদকে স্থায়ী বা সরকারিকরণের জন্য ভবিষ্যতে কোনো আবেদন বা অন্য কোনো পদক্ষেপ গ্রহণ করা যাবে না।

১১। উদ্যোক্তা হিসেবে নিযুক্তির পর উদ্যোক্তার কার্যক্রম/আচরণে কোনো প্রকার অসংগতি লক্ষ্য করা গেলে উদ্যোক্তা নিযুক্তিকরণ/নিয়োজনকারী কর্মকর্তা উদ্যোক্তা নিযুক্তির আদেশ বাতিল করতে পারবেন।

১২। স্মার্ট সার্ভিস পয়েন্ট অব পোস্ট অফিস-এ উদ্যোক্তা হিসেবে দায়িত্ব পালনের জন্য সরকারের পক্ষ থেকে কোনো প্রকার বেতন/ভাতা/সম্মানী ইত্যাদি প্রদান করা হবে না। গ্রাহক সাধারণকে সেবা প্রদান বাবদ প্রাপ্ত আয় সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী গ্রহণ করবেন।

১৩। পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষার অনলাইন লিংক পরবর্তীতে প্রার্থীর ই-মেইলে জানানো হবে।

(সুজন রায়)
পোস্ট অফিস পরিদর্শক (প্রশাসন)।
টেলিফোন নং-০২৫৮৯৯৬২০৭৮।
ও
সদস্য সচিব
উদ্যোক্তা নিয়োজন কমিটি।

স্মারক নম্বরঃ ১৪.৩১.৮৫০০.৩৪২.০৬.০০১.২৪ তারিখ: রংপুর ২১/০৪/২০২৪খ্রি:।

সদয় জ্ঞাতার্থে এবং বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলোঃ

১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদর উপজেলা, কুড়িগ্রাম।
৩। উপজেলা চেয়ারম্যান, সদর উপজেলা, কুড়িগ্রাম।
৪। মেয়র, কুড়িগ্রাম পৌরসভা, কুড়িগ্রাম।
৫। পোস্টমাস্টার, প্রধান ডাকঘর, কুড়িগ্রাম।
৬। তথ্য অফিসার, সদর উপজেলা, কুড়িগ্রাম।
৭। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, সদর উপজেলা, কুড়িগ্রাম।
৮। ইউপি চেয়ারম্যান (সকল),সদর উপজেলা, কুড়িগ্রাম।
৯। ইউপি সচিব (সকল), সদর উপজেলা, কুড়িগ্রাম।
১০। নোটিশ বোর্ড, ----------।
১১। অফিস কপি।

২১/৪/২০২৪
পোস্ট অফিস পরিদর্শক (প্রশাসন)।
টেলিফোন নং-০২৫৮৯৯৬২০৭৮।
ও
সদস্য সচিব
উদ্যোক্তা নিয়োজন কমিটি।